গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-৮১

# রাজশাহীতে তথ্য অধিকার দিবস উদ্‌যাপিত

রাজশাহী; ১৩ আশ্বিন (২৮ সেপ্টেম্বর):

'পরিবেশের তথ্য ডিজিটাল যুগে হোক সুরক্ষিত' - প্রতিপাদ্যকে সামনে রেখে আজ রাজশাহীতে উদ্‌যাপিত হয়েছে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস। এ উপলক্ষ্যে আজ রবিবার (২৮ সেপ্টেম্বর) সকালে রাজশাহী জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে জেলা প্রশাসনের আয়োজনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে পাওয়ার পয়েন্ট উপস্থাপনার মাধ্যমে তথ্য অধিকার আইনের বিকাশ এবং বাংলাদেশে তথ্য অধিকার আইন চর্চার গতিপ্রকৃতি তুলে ধরেন আঞ্চলিক তথ্য অফিসের উপপ্রধান তথ্য অফিসার মো. তৌহিদুজ্জামান।

অতিরিক্ত জেলা প্রশাসক মো. মহিনুল হাসান এর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন জেলা তথ্য অফিসের উপপরিচালক নাফেয়ালা নাসরিন, পুঠিয়া উপজেলা নির্বাহী অফিসার লিয়াকত সালমান, টিআইবির রাজশাহী প্রতিনিধি মো. মনিরুল হক প্রমুখ।

অনুষ্ঠানে বক্তাগণ নাগরিকদের চাহিদার প্রেক্ষিতে তথ্য প্রদানের পাশাপাশি স্বপ্রণোদিত তথ্য প্রকাশের ওপর গুরুত্বারোপ করেন।

আলোচনা সভায় বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন।

.........................................................................
তৌহিদ/আতিক/স্মিতা/আলীম/২০২৫/১৩:৩০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd